ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৪৫
আগরতলা, ১৪ সেপ্টেম্বর,২০২৫

**দলগত ক্রীড়া খেলোয়াড় এবং জনগণের মধ্যে দলীয় চেতনা ও ঐক্যের প্রতিফলন ঘটায় : রাজ্যপাল**

খেলো ইন্ডিয়া কর্মসূচির মাধ্যমে আমাদের দেশের বিভিন্ন খেলাগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং যুব সমাজকে খেলাধুলায় উৎসাহিত করতে কেন্দ্রীয় সরকার কাজ করছে। গ্রামীণ খেলাগুলিকে পুনরুজ্জীবিত করার এই প্রয়াস ইতিমধ্যেই সাফল্য লাভ করেছে। আজ দুপুরে কুমারঘাট পি.ডব্লিউ.ডি. মাঠে আয়োজিত কুমারঘাট ফুটবল টুর্নামেন্টের সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একথা বলেন। তিনি বলেন, ফুটবল খেলা ভারতের বিশেষ করে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে খুবই জনপ্রিয়। তিনি বলেন, দলগত ক্রীড়া খেলোয়াড় এবং জনগণের মধ্যে দলীয় চেতনা ও ঐক্যের প্রতিফলন ঘটায়।

আজ ফাইনাল ম্যাচে দৃষ্টি ফাউন্ডেশন এবং রঞ্জো ক্লাব প্রতিদ্বন্দ্বিতা করে। সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক ভগবান চন্দ্র দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাধপতি অমলেন্দু দাস, কুমারঘাট বি.এ.সি.-র চেয়ারম্যান তরণজয় রিয়াং, জেলাশাসক ড. তমাল মজুমদার, ঊনকোটি জেলার এস.পি. সুধাম্বিকা আর.। ফুটবল প্রতিযোগিতার সমাপ্তি অনুষ্ঠানের পর রাজ্যপাল ভবতারিণী মন্দির পরিদর্শন করেন। মন্দির পরিদর্শনের সময় বিধায়ক ভগবান চন্দ্র দাস, জেলাশাসক এবং এস.পি. উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****